

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩২

১১. विवार व्यक्षाय़ (حتاب النكاح)

পরিচ্ছেদঃ ১৫. কোনো নারীকে দুই জন অভিভাবক বিয়ে দিলে

بَابِ الْمَرْأَةِ يُزَوِّجُهَا الْوَلِيَّانِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ الْحَسَنِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ أَوْ سَمُرَةَ بُنِ عَامِرٍ أَوْ سَمُرَةً بْنِ عَامِرٍ أَوْ سَمُرَةً بْنِ عَامِرٍ أَوْ سَمُرَةً بْنِ جُنْدُبٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَيُّمَا امْرَأَةٍ زَوَّجَهَا وَلِيَّانِ لَهَا فَهِيَ لِنْ أَيْمَا امْرَأَةٍ زَوَّجَهَا وَلِيَّانِ لَهَا فَهِيَ لِلْأُوَّلِ مِنْهُمَا وَأَيُّمَا رَجُلٍ بَاعَ بَيْعًا مِنْ رَجُلَيْنِ فَهُوَ لِلْأُوَّلِ مِنْهُمَا

বাংলা

২২৩২. উক্তবাহ ইবনু আমির অথবা সামুরাহ ইবনু জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "কোন মহিলাকে যদি (সমপর্যায়ের) দুই ওলী বিয়ে দেয় তবে তাদের প্রথম জনের দেয়া বিয়েই কার্যকর হবে। আর কেউ যদি দুইজনের কাছে কোন জিনিস বিক্রি করে তবে তা এদের মধ্যে প্রথম জনই পাবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। কেননা, হাসান সামুরাহ রাদিয়াল্লাহু আনহু ও উকবাহ রাদিয়াল্লাহু আনহু হতে শোনেননি।

তাখরীজ: আহমাদ ৫/৮; তিরমিযী, নিকাহ ১১১০,; আবূ দাউদ, নিকাহ ২১০১; নাসাঈ, বুয়ূ ৭/৩১৪; কুবরা নং ৬২৭৯; ইবনু আবী শাইবা, ৪/১৩৯; ইবনু মাজাহ, ২য় অংশ সংক্ষিপ্ত আকারে, তিজারাহ ২১৯০; তাবারাণী, কাবীর ৭/২০৩ নং ৬৮৪২;

উকবাহ রাদ্বিয়াল্লাহু আনহু হাদীসটি বর্ণনা করেছেন, আহমাদ ৪/১৪৯; ইবনু আবী শাইবা, ৪/১৩৯; বাইহাকী, নিকাহ ৭/১৩৯। সামুরাহ'র হাদীসটি হলো পরবর্তী হাদীস।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন